দৈনিক সংবাদ

তারিখ 15 JAN 1987
পৃষ্ঠা ... ১ কলাম ৭ ...

048

# বিনামূল্যে বিতরণের ৯ হাজার পাঠ্যবই উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখা গতকাল বুধবার বিনা মূল্যে বিতরণের পাঠ্যপুস্তক ও নোট বই উদ্ধার করেছে।

ঢাকার বাংলাবাজার ও নর্থ-ব্রুকহল রোডের বিভিন্ন বইয়ের দোকান থেকে এসব বই উদ্ধার করা হয়।

সরকারী সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিতরণের জন্য দেয়া ৯১৯৪টি পাঠ্যপুস্তক উদ্ধার করা হয়।

গোয়েন্দা শাখা দীর্ঘ সময় তল্লাশির মাধ্যমে ১ম থেকে ৮ম শ্রেণীর ২৩,৬৭৮টি নোট বই উদ্ধার করে।

পুলিশ জানিয়েছে, এ ঘটনার সাথে জড়িত থাকা সন্দেহে ১৫ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

আসামীরা স্বীকার করেছে যে, অসৎ প্রেস কর্মচারী, মালিক ও স্কুল কর্মচারীরা দীর্ঘদিন যাবৎ এ ব্যবসা করে আসছে।